



ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয়

Job Category: Teaching/Academics

Job Source: ঢাকা বিশ্ববিদ্যালয়

## Job Summary

Posted On: 31 Oct 2024

Application Deadline: 20 Nov 2024



### (পুনঃ বিজ্ঞপ্তি)

ঢাকা বিশ্ববিদ্যালয়: পরিসংখ্যান বিভাগের ০১ (এক) টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই পরিসংখ্যান বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ সহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় প্রথম বিভাগ/ জিপিএ এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম স্থান/ সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে অথবা পোস্ট ডক্টরাল গবেষক হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা অথবা কোন স্বনামধন্য গবেষণা সংস্থায় গবেষক/বৈজ্ঞানিক কর্মকর্তা/সমতুল্য পদে ০৬ (ছয়) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচ.ডি. ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের অবশ্যই indexed/DOI (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সম্বলিত মানসম্পন্ন জার্নালে কমপক্ষে ০৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোন প্রবন্ধ গ্রহণ করা হবে না। চাকরির প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট নোটি এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট দেখুন)।

প্রত্যেক কপি আবেদনপত্রের সাথে সার্টিফিকেট, মার্কসীট, প্রশংসাপত্র ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করে রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট ২০/১১/২০২৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ডিজি-১৭৮০/২৪ (৩'x৪)